

পদত্যাগে বাধ্য করা শিক্ষক পেলেন ফুলের মালা

ফরিদপুর প্রতিনিধি

০৯ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

হাতুড়িপেটা করে পদত্যাগে বাধ্য করানো সালথা উপজেলার যদুনন্দী নবকাম পল্লী বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ মো. ওবায়দুর রহমানকে ফুল দিয়ে বরণ করে কলেজে নিয়ে এসেছে শিক্ষার্থীরা। গতকাল বেলা ১১টার দিকে প্রায় দুই কিলোমিটার দূরে বাসায় অবস্থান করা এই শিক্ষকের গলায় ফুলের মালা পরিয়ে কলেজে নিয়ে আসে শতাধিক শিক্ষার্থী। বাসা থেকে হেঁটে অধ্যক্ষকে নিয়ে আসার সময় হামলাকারীদের বিরুদ্ধে নানা স্লোগান দিতে থাকে শিক্ষার্থীরা। পরে অধ্যক্ষকে তার কলেজের নিজ কার্যালয়ের চেয়ারে বসিয়ে দেয় তারা। এ সময় কলেজের শিক্ষক-শিক্ষিকারাও তাকে ফুলের শুভেচ্ছা জানান।

কলেজটির শিক্ষার্থী মো. হাসিব শেখ, তারিকুল মুন্সী ও নাইমা আক্তার বলেন, আমাদের অধ্যক্ষ স্যার একজন ভালো মানুষ। মিথ্যা অভিযোগ তুলে কিছুদিন আগে স্যারকে হাতুড়ি দিয়ে পিটিয়ে জোর করে তার কাছ থেকে পদত্যাগপত্রে সই নেয় এলাকার একটি সন্ত্রাসী বাহিনী ও কতিপয় দুষ্কৃতকারী শিক্ষার্থী। এরপর থেকে স্যার অসুস্থ হয়ে বাসায় অবস্থান করছিলেন। আমরা সব শিক্ষার্থী মিলে স্যারকে তার বাসা থেকে সম্মানের সঙ্গে নিয়ে এসেছি। তারা আরও বলেন, আমরা অধ্যক্ষ স্যারকে কলেজে দেখতে চাই এবং তার এ পদত্যাগ মানি না। অন্যায়ভাবে যারা স্যারকে হাতুড়িপেটা করে পদত্যাগে সই করতে বাধ্য করেছে, আমরা তাদের বিচার চাই। আমরা ২৪ ঘণ্টার সময় দিয়েছি, এর মধ্যে যদি হামলাকারী সন্ত্রাসীদের আইনের আওতায় আনা না হয়, তাহলে আন্দোলনে নামতে বাধ্য হব।

অধ্যক্ষ মো. ওবায়দুর রহমান বলেন, আমার প্রাণপ্রিয় শিক্ষার্থীরা আমাকে সম্মান দিয়ে বাসা থেকে কলেজে নিয়ে এসেছে। আমি তাদের কাছে চিরকৃতজ্ঞ। পাশাপাশি আমার ওপর হামলা ও জোরপূর্বক পদত্যাগপত্রে সই করানো সন্ত্রাসীদের বিচার চাই।